উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর নভেম্বর ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন ।

সভার তারিখ ঃ ৩০ নভেম্বর ২০২১ খ্রি. সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর অদ্যকার সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ)</td><td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় জানান যে, ২০২১-২২অর্থ বছরের এডিপি বার্ষিক উন্নয়ন কর্মসূচি অগ্রাধিকার মূলক প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে সমাজসেবা অফিসের ট্রেনিং সেন্টারটি ঝড়াজীর্ণ অবস্থায় আছে। যেকোনো সময় ভেঙ্গে দূর্ঘটনা ঘঠতে পারে। তাই কনডেম ঘোষণা প্রাক্কলণ অনুমোদন এবং রাস্তাগুলো আইডিভূক্ত করার প্রস্তাব দেন।
<table>
<tr><th>ক্রম</th><th>ভবনের নাম</th><th>ভবনের ধরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>সমাজসেবা ট্রেনিং সেন্টার</td><td>ট্রেনিং সেন্টার</td><td>৫০,৮৮৭/-</td></tr>
</table>
<table>
<tr><th>ক্রম</th><th>ইউনিয়নের নাম</th><th>স্কীমের নাম</th><th>প্রস্তাবিত দৈর্ঘ্য (কি:মি:</th></tr>
<tr><td>১</td><td>গন্ডা</td><td>কেন্দুয়া আঠারোবাড়ী RHD রাস্তা হইতে মরিচপুর গ্রাম পর্যন্ত রাস্তা</td><td>.৫০</td></tr>
<tr><td>২</td><td>আশুজিয়া</td><td>ক্লাবঘর আমলীতলা পাকা রাস্তা আলী মেম্বারের বাড়ী হতে শহীদের বাড়ী ভায়া কেন্দুয়া নেত্রকোণা ডিসি রোড পর্যন্ত</td><td>২.০০</td></tr>
</table></td><td>অগ্রাধিকার মূলক প্রকল্প যথাসময়ে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সমাজসেবা ট্রেনিং সেন্টার কনডেম ঘোষণার জন্য প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত।<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) রাস্তাগুলো আইডিভুক্ত করার যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ মুখ্য নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় বলেন যে, ১) নিয়মিত কার্যক্রম:- চলতি খরিপ-২ মৌসুমে আমন উৎপাদন লক্ষ্যমাত্রা ছিল ২০১৪৫ হেক্টর, আবাদ হয়েছে ২০৪০০ হেক্টর। মাঠে ফসল কর্তন চলমান। এ যাবৎ কর্তন হয়েছে উফশী ৪৪৫০ হেক্টর হাইব্রিড ৫৫০ হেক্টর মোট ৫০০০ হেক্টর। ইতোপূর্বে সরকারি ভর্তুকির আওতায় উপজেলায় প্রদত্ত ১১ টি কম্বাইন্ড হারভেস্টার মাঠে কার্যকর হয়েছে।<br>সরকার কর্তৃক সরাসরি কৃষকদের থেকে ২৬ টাকা কেজি দরে ধান ক্রয়ের লক্ষ্যে ইউনিয়ন হতে কৃষক তালিকা সংগ্রহ কার্যক্রম চলমান। রবি মৌসুমের বিভিন্ন ফসলের বীজ বপন কার্যক্রম চলমান। বর্তমানে সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক, কোথাও কোন প্রকার সংকট নেই।<br>২) কৃষি প্রণোদনা কার্যক্রম:- ২০২১-২২ অর্থবছরের কৃষি পুনর্বাসন কর্মসূচীর আওতায় ১৩৫০ জন ও কৃষি প্রণোদনা কার্যক্রমের আওতায় ৭৯০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিভিন্ন ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ কার্যক্রম চলমান।<br>২০২১-২২ অর্থবছরের প্রণোদনা কর্মসূচীর আওতায় ৬০০০ জন কৃষকের মাঝে ২ কেজি করে হাইব্রিড বোরো ধান বীজ বিতরণের লক্ষ্যে অগ্রাধিকার তালিকা প্রস্তুতির লক্ষ্যে কার্যক্রম চলমান।<br>এনএটিপি-২ প্রকল্পের আওতায় ৬ টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে এবং প্রকল্পের সিআইজি সমিতি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য আইন বাস্তবায়ন: দুইটি মোবাইল কোর্ট পরিচালনা করে কারেন্ট জাল, বাশ, খুটি ও চাটাই জব্দ করা হয় এবং ১০,০০০/- টাকা জরিমানা করা হয়।<br>মৎস্য খাদ্য লাইসেন্স সম্পর্কিত: লাইসেন্স বিহীন ও লাইসেন্স নবায়ন ব্যতীত মৎস্য খাদ্য বিক্রয় করা আইনত দন্ডনীয়। তাই লাইসেন্স বিহীন ও লাইসেন্স নবায়ন ব্যতীত মৎস্য খাদ্য বিক্রয় প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট পরিচালনা করা জরুরী।<br>হ্যাচারী লাইসেন্স সম্পর্কিত: মৎস্য হ্যাচারীর লাইসেন্স গ্রহণ ও নবায়নের জন্য ইতোমধ্যে সকল হ্যাচারী মালিকগণকে নোটিশ দেওয়া হয়েছে। তাই লাইসেন্স বিহীন ও লাইসেনস নবায়ন ব্যতীত হ্যাচারী পরিচালনাকারী প্রতিষ্ঠানে মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | লাইসেন্স বিহীন মৎস্য খাদ্য বিক্রয়কারীদের দ্রুত লাইসেন্স করার জন্য নোটিশ প্রদান করতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন যে, অত্র দপ্তরের গবাদী পশু ও হাস-মুরগী সুস্থ্য রয়েছে, কোন মহামারী আকারে রোগ নাই। চিকিৎসা টিকা প্রদান, ঘাস চাষ, কৃত্রিম প্রজনন প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শীত কালে গবাদিপশুর বিভিন্ন ধরনের রোগে আক্রান্ত হয়। অফিসে যথেষ্ট পরিমানে টিকা মজুদ রয়েছে। সুস্থ্য অবস্থায় গবাদীপশু ও হাস-মুরগী টিকা প্রদান করার জন্য কেন্দুয়ার জনসাধারণকে বিশেষ ভাবে অনুরোধ করা হইল। অত্র এলাকার সকল গবাদীপশু ও হাসমুরগীর খামার নিবন্ধন করার জন্য খামারের মালিকদের বিশেষভাবে অনুরোধ করা হয়। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গন্ডা, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলায় মোট জনসংখ্যাঃ ৩,৩৮,৮৭২ তার মধ্যে পুরুষ- ১,৭৩,১৫২ এবং মহিলা- ১,৬৫,৭২০ জন। উপজেলার আয়তন: ৩০৩.৭২, প্রতি বর্গ কি.মি জনসংখ্যার হার: ১০৯৬, উপজেলার মোট সক্ষম দম্পতি: ৫৯,২০৫। খাবার বড়ি গ্রহণকারী ২৬,৯৮৩ হার ৪৫.৫৭%। ইনজেকটেবলস গ্রহণকারী ৫,৭৫১ হার ০৯.৭১৪%। কনডম গ্রহণকারী ২,১০৩ হার ৩.৫৫%। আই ইউ ডি গ্রহণকারী ১৬৩৩ হার ২.৭৫%। ইম্প্লান্ট গ্রহণকারী ৩,০৭৩ হার ৫.১৯%। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ২,৪৪২ জন হার ৪.১২%। মহিলা ৪,৫৫২ জন হার ৭.৬৯%। মোট ৪৬,৫৩৭। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান ।উপবৃত্তি যাচাইসহ অনলাইন ক্লাশ কার্যক্রম চলমান আছে। সরকারী নির্দেশনার আলোকে মাধ্যমিকস্তরে ক্লাসে এসাইনমেন্ট কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। শিক্ষা কার্যক্রম গতিশীলতা আনয়নের লক্ষ্যে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৭. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। সকল শিক্ষকদের EFT তে বেতন নির্ধারনের নিমিত্তে ডাটা এন্ট্রির কাজ চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ৮. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু স্বাভাবিক ভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরের কাবিখা টিআর ও ইজিপিপি প্রথম পর্যায় বরাদ্দ পাওয়া গেছে । | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, |
| ০৯. | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় বলেন যে, মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে এবং ইতিমধ্যে বিগত দুই মাস অর্থাৎ অক্টোবর/নভেম্বর/২০২১ ইং মাসে ঋণ আদায় হয়েছে। | খেলাপি ঋণ আদায়ের ব্যবস্থা নিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। আপাতত কোনো সমস্যা নেই বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কেন্দুয়া |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০১০-২১ অর্থবছরের ভাতা বিতরণ কার্যক্রম শেষ পর্যায়ে। ভাতাভোগীদের এম আই এস এর কার্যক্রম চলমান। যে সকল ভাতাভোগী এম আই এস এ নাম অন্তর্ভুক্তি করে নি তারা | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিস্থাপন হয়ে যাবে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় কৃষক সমবায় সমিতি ও অন্যান্য প্রকল্পের বিপুল অংকের ঋণ খেলাপি হয়ে মাঠে পড়ে রয়েছে তাই উক্ত খেলাপি ঋণ আদায়ের জন্য সকল পরিদর্শককে ব্লক ওয়ারী ঋণ খেলাপি সকল সদস্যের নামে ঋণ পরিশোধের চূড়ান্ত নোটিশ প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। কবিচন্দ্রপুর নয়াপাড়া কেএসএসলি ও বৈরাটি কান্দিউড়া কেএসএসলি এর আবর্তক ঋণ আদায় করে ২টি সমিতিতে পুনরায় ৬,৯০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। সদাবিক প্রকল্পের ৯১,৩২,০০০/- টাকা ও পল্লী প্রগতি প্রকল্পের ৭,০২,০০০/- টাকা ঋণ খেলাপি অবস্থায় মাঠে রয়েছে। অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্পের ৩,৭১,০০০/- টাকা কিস্তি খেলাপি ও ১,১২,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপি অবস্থায় মাঠে রয়েছে। এছাড়াও অপ্রধান শষ্য উৎপাদন প্রকল্প নামে একটি নতুন প্রকল্প চালু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় উপজেলার বিভিন্ন গ্রামে মোট ১৮ টি দল গঠন করা হয়েছে। দলের সদস্য/সদস্যদের প্রশিক্ষণ প্রদান করে অপ্রধান শস্য চাষে আগ্রহী করা হচ্ছে। ইতোমধ্যে তিনটি দলের ১০ জন সদস্যকে ৬ কেজি হলুদ ও ৬ কেজি আদা চাষের জন্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এছাড়াও স্বল্প সুদে ক্ষুদ্রঋণ প্রদান করা হচ্ছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় কান্দিউড়া, আশুজিয়া ও বলাইশিমুল ইউনিয়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উন্নয়ন কাজ করা হচ্ছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | খেলাপি ঋণ আদায়ের ব্যবস্থা নিতে হবে। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচী কেন্দুয়া উপজেলায় চালু হয়েছে। এই কর্মসূচীর আওতায় অত্র উপজেলার ২৪-৩৫ বছর বয়সী এইচ, এস সি পাস বেকার যুব ও যুব মহিলাদের মধ্য হতে ৫০০ জনের দুই বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা হবে। অচীরেই এই কর্মসূচীর কাজ শুরু হবে। তাছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক বলে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | আমার বাড়ি আমার খামার প্রকল্প | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প জানান যে, সমিতির সংখ্যা ২৭৭ টি। উপকারভোগী সদস্য সংখ্যা ৯৯৪৬ জন এবং তাদের জমাকৃত সঞ্চয়ের পরিমান ২,২৭,৪৩,০৩১/- টাকা। উপকারভোগীদের মাঝে ঋণ গ্রহনকারী সদস্য সংখ্যা ৭৬৭৩ জন এবং বিতরনকৃত ঋণের পরিমান ৯,৬৫,০২,০০০/- টাকা। ঋণ আদায় হয়েছে ৩,৬৯,৭৩,৩৮৬ টাকা। এছাড়াও পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, মাতৃত্ব ভাতা ২০২১-২২ অর্থবছরের দরিদ্রদের জন্য মাতৃত্বধীন ভাতা প্রদান কর্মসূচির আওতায় ইউনিয়ন প্রতি ৫৫ জন = ৫৫×১৩= ৭১৪ জন ভাতাভোগী নির্বাচন কার্যক্রম প্রক্রিয়াধীন। ভিজিডি:- ভিজিডি কর্মসূচীর আওতায় ২০২১-২২ চক্রে ১৩ টি ইউনিয়নে ১৬২৫ জন উপকারভোগী নির্বাচন কার্যক্রম প্রক্রিয়াধীন। | ইউনিয়ন চেয়ারম্যানগণ নীতিমালার আলোকে প্রকৃত ভাতাভোগী নির্বাচন করে উপজেলা কমিটিতে প্রেরণ করবেন। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা মহিলা কর্মকর্তা চেয়ারম্যান সকল ইউপি |
| ১৬. | আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রতিটি ইউনিয়ন পোর্টালে এখনো তথ্য আপলোড করা হয়নি যা সমীচীন নহে। তিনি প্রতিটি ইউনিয়ন ওয়েব পোর্টালে চেয়ারম্যান ও সদস্যদের তথ্যসহ নতুন তথ্য জরুরী ভিত্তিতে আপলোড করার কথা বলেন। পাশাপাশি প্রত্যেক দপ্তরের পোর্টালে তথ্য আপলোড করতে হবে। তাছাড়া তিনি বলেন যে, জন্ম নিবন্ধন যেন দ্বৈত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। সঠিক তথ্যের ভিত্তিতে বর্তমান নীতিমালা অনুযায়ী জন্ম নিবন্ধন করতে হবে। জন্ম নিবন্ধনের ফি নির্ধারিত কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিতে হবে। প্রতিটি ডিজিটাল সেন্টারের আয়-ব্যয় অনলাইনে আপলোডসহ রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান সকল ইউপি ও সচিব সকল ইউপি |
| ১৭ | উপজেলা পরিষদ | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন যে, উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে জনাব মো: মিলন খান, আনসার এবং মালী জনাব মো: কাউসার দৈনিক ভিত্তিতে কাজ করে যাচ্ছে তাদের সময় বাড়ানো প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, শীতের প্রভাব বৃদ্ধি পাওয়ায় করোনা পরিস্থিতি ভয়াবহ হচ্ছে। তাই করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণে মাঝে তথা আগত সেবা প্রত্যাশিদের মাস্ক পরায় আগ্রহী করতে উপজেলা পরিষদ মেইন গেইট, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রবেশদ্বারে ও অন্যান্য অফিসের প্রবেশদ্বারে No Mask No Service, Were Mask Get Service লিখা সম্বলিত ব্যানার ফেস্টুন ইত্যাদি ছাপানো প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব করেন। | সর্বসম্মতিক্রমে জনাব মো: মিলন খান, আনসার এবং মালী জনাব মো: কাউসার দৈনিক ভিত্তিতে কাজের সময় বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। No Mask No Service, Were Mask Get Service লিখা সম্বলিত ব্যানার ফেস্টুন ইত্যাদি ছাপানোর ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | চেয়ারম্যান মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান মোজাফরপুর ইউপি বলেন যে, কৃষি প্রণোদনা সংশ্লিষ্ট ইউনিয়নে পৌছে দিলে কৃষকরা উপকৃত হতো। তাছাড়া অন্যান্য উপজেলার তুলনায় কেন্দুয়া উপজেলায় পাকা রাস্তা তুলনামূলকভাবে কম। রাস্তা সঠিক নামে আইডি ভূক্ত না হওয়ায় এরকম সমস্যা হতে পারে। তাই রাস্তা সঠিকভাবে আইডিভুক্ত করার প্রস্তাব দেন। তিনি আরো বলেন যে, তার ইউনিয়নে একটি গ্রাম পুলিশের পদ শূন্য রয়েছে তাই নিয়োগ কার্যক্রম সম্পন্ন ও ইউপি সচিব, গ্রাম পুলিশদের বকেয়া বেতন পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানা। | উপজেলা প্রকৌশলী সঠিকভাবে রাস্তা আইডিভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। বিধি মোতাবেক গ্রাম পুলিশের নিয়োগ কার্যক্রম শুরু ও ইউপি সচিব ও গ্রাম পুলিশদের বকেয়া বেতন পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান মোজাফরপুর, ইউপি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.১৯-৮০৮ তারিখঃ ৩০ নভেম্বর ২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

(মো: মইনউদ্দিন খন্দকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০০২.১৯-৮০৮(৬০) তারিখঃ ৩০ নভেম্বর ২০২১ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

| ক্র: | নাম ও পদবী | সভা নং- ৪<br>তাং- ২৮/০৯/২০২২ | সভা নং- ৫<br>তাং- ৩০/১১/২২ | সভা নং- ৬<br>তাং ৩০/১২/২০২২ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ০৪ | উপজেলা প্রকৌশলী<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ০৫ | সিনি: উপজেলা মৎস্য কর্মকর্তা<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ০৬ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| | উপজেলা প. প. কর্মকর্তা | [signature] | [signature] | [signature] |

| | নাম ও পদবী | সভা নং-৪ তাং-২৮/০৮/২২ | সভা নং-৫ তাং-৩০/১১/২২ | সভা নং-৬ তারিখঃ ৩০/০২/২৩ |
|---|---|---|---|---|
| ১০, | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা কেন্দুয়া, নেত্রকোনা | | | |
| ১১, | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কেন্দুয়া, নেত্রকোনা | | | |
| ১২, | উপজেলা সমবায় কর্মকর্তা কেন্দুয়া, নেত্রকোনা | | | |
| ১৩, | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কেন্দুয়া, নেত্রকোনা | | | |
| ১৪, | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কেন্দুয়া, নেত্রকোনা | | | |
| ১৫, | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কেন্দুয়া, নেত্রকোনা | | | |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী কেন্দুয়া, নেত্রকোনা | | | |
| ১৭, | ডি, জি, এম পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া | | | |
| ১৮, | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | | | |

| | নাম ও পদবী | সভা নং- ৪ তাং- ২৮/০৮/২২ | সভা নং- ০৫ তাং- ৩০/০৯/২২ | সভা নং- ৬ তারিখ: ৩০/১২/২২ |
|---|---|---|---|---|
| | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | [signature] | [signature] | [signature] |
| ২১ | মো. আরিফুল ইসলাম [illegible] [illegible] পল্লী [illegible], বিআরডিবি | [signature] | [signature] | [signature] |
| ২২. | উপজেলা ফায়ার সার্ভিস, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] |
| ২৩. | [illegible] [illegible] কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | |
| ২৪ | মো: [illegible] [illegible] | [signature] | [signature] | [signature] |
| ২৫ | [illegible] [illegible] UDF | [signature] | [signature] | [signature] |
| | | | | |
| | | | | |
| | | | | |

| | নাম ও পদবী | সভা নং-৪ তাং- ২৯/০৮/২২ | সভা নং-৫ তাং- ৩০/১১/২২ | সভা নং- ৬ তারিখ: ৩০/০২/২৩ |
|---|---|---|---|---|
| ০১ | মো: নুরুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, কেন্দুয়া | [signature] | [signature] | [signature] |
| ০২ | জনাব আবদুল্লাহ হাসান ভূঞা<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, কেন্দুয়া | [signature] | [signature] | [signature] |
| ০৩ | সেলিনা বেগম<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, কেন্দুয়া | [signature] | [signature] | [signature] |
| ০৪ | জনাব আসাদুল হক ভূঞা<br>মেয়র<br>কেন্দুয়া পৌরসভা | [signature] | [signature] | [signature] |
| ০৫ | জনাব মো: মনজুর আলী<br>চেয়ারম্যান<br>আশুজিয়া ইউপি | [signature] | [signature] | [signature] |
| ০৬ | জনাব মো:- শাহীন মিয়া<br>চেয়ারম্যান<br>দলপা ইউপি | [signature] | [signature] | [signature] |
| ০৭ | " মোহাম্মদ কামরুজ্জামান সোহাগ<br>চেয়ারম্যান<br>গড়াডোবা ইউপি | [signature] | [signature] | [signature] |
| ০৮ | " মোহাম্মদ শহীদুল ইসলাম আকন্দ<br>চেয়ারম্যান<br>চিরাং ইউপি | [signature] | [signature] | [signature] |

| | নাম ও পদবী | সভা নং-৪ তাং-২৬/০৬/২২ | সভা নং-৫ তাং-৩০/০৯/২২ | সভা নং-৬ তারিখ-৩১/১২/২২ |
|---|---|---|---|---|
| ১০ | মো: আব্দুর মান্নান বাঙ্গালী<br>চেয়ারম্যান<br>মাসকা ইউপি | [signature] | [signature] | [signature] |
| ১১ | মো: মঞ্জুর রহমান<br>চেয়ারম্যান<br>বলাইশিমুল ইউপি | [signature] | [signature] | [signature] |
| ১২ | মো: আনোয়ার জাহান কবীর<br>চেয়ারম্যান<br>দলপা ইউপি | [signature] | [signature] | [signature] |
| ১৩ | মো: বাহাদুর আলম<br>চেয়ারম্যান<br>কান্দিউড়া ইউপি | [signature] | [signature] | [signature] |
| ১৪ | মো: এনামুল কবীর খান<br>চেয়ারম্যান<br>চিরাং ইউপি | [signature] | [signature] | [signature] |
| ১৫ | মো: লুৎফর রহমান আকন্দ<br>চেয়ারম্যান<br>রোয়াইলবাড়ী ইউপি | [signature] | [signature] | [signature] |
| ১৬ | মো: ইসলাম উদ্দিন<br>চেয়ারম্যান<br>পাইকুড়া ইউপি | [signature] | [signature] | [signature] |
| ১৭ | মোহাম্মদ জাহিদ আলম ভূঞা<br>চেয়ারম্যান<br>মোজাফরপুর ইউপি | [signature] | [signature] | [signature] |